উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ভাণ্ডারিয়া উপজেলা পরিষদের জুলাই/ ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ মিরাজুল ইসলাম<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ভাণ্ডারিয়া, পিরোজপুর। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ ও সময় | ঃ | ০৫/০৮/২০২১ খ্রিঃ, সকাল ১২:৩০ মিঃ। |
| উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) | ঃ | পরিশিষ্ট-'ক' |
| অনুপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট-'খ' |

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভাণ্ডারিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানএবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়।

**২। আলোচনা ও সিদ্ধান্ত ঃ** সভায় উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের বিভাগওয়ারী কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং তা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান হয় ঃ-

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান আগামী ০৭ আগস্ট সারা বাংলাদেশে একযোগে কোভিড-১৯ এর ভ্যাকসিন ২৫ বছরের উর্ধ্বের ব্যক্তিদের প্রদান করা হবে। এ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এ ছাড়া তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ২ | **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, অতি বৃস্টির কারনে ফসলের ব্যপক ক্ষতি হয়েছে। তর দপ্তরের দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষ জনক ভাবে চলছে। বিআরডিবি ভবন স্থাপনের নির্ধারিত জায়গায় তার দপ্তরের পরিত্যক্ত মালামাল অপসারন/নিলামের বিষয়ে জেলা কৃষি অফিসারের বরাবরে পত্র প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়।. | বিআরডিবি ভবন স্থাপনের নির্ধারিত জায়গায় তার দপ্তরের পরিত্যক্ত মালামাল অপসারণ/নিলামের বিষয়ে জেলা কৃষি অফিসার বরাবর পত্র প্রেরণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ৩ | **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ উপলক্ষ্যে প্রানিসম্পদ দপ্তর কর্তৃক গবাদিপশু খামারীদের প্রনোদনা দেয়ার জন্য তার বিষয়ে তদন্ত করা হয়েছে, কিছু বাকী আছে যা অতিদ্রুত সম্পন্ন করে দাখিল করা হবে। তাঁকে ইউনিয়ন ওয়ারি তালিকা ইউপি চেয়ারম্যানগণকে সরবরাহ করার বিষয়ে সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৪ | **উপজেলা মৎস্য দপ্তর ঃ** উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সমুদ্রগামী জেলেদের জন্য ৯৯০ জনকে ৩০ কেজি হারে ২৯.৭০০ মে.টন চাল অইউনিয়ন ওয়ারি বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত চাল যথাসময়ে বিতরণের জন্য সভায় অনুরোধ জানানো হয়।চাল বিতরন করার জন্য অনুরোধ করেন। এছাড়া উপজেলা মৎস্য কর্মকর্তাকে মৎস্য ভিজিএফ কার্ড পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | **উপজেলা প্রকৌশলী দপ্তর ঃ** ১। উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২২ অর্থবছরের এডিপি প্রথম কিস্তি পাওয়া গেছে এবং সেই মর্মে, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে ২০২১-২২ অর্থবছর সহ ৫টি অর্থবছরের সম্ভাব্য প্রকল্পসমূহ পঞ্চবার্ষিকী পরিকল্পনা সহ ইউনিয়ন পরিষদ রেজুলেশন সহ ১৪ কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ সহ সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ১৭ স্থায়ী কমিটির সভাসমূহ চিঠির মাধ্যমে ২ মাসান্তর ১ম সপ্তাহের রবিবার নির্ধারিত করে নিয়মিত সভা করা এবং রেজুলেশন করে জমা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করেন এবং সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ৫ বছর মেয়াদী উপজেলা পরিষদের ঘোষণাকৃত বাজেটের পুস্তিকা বা স্মরণিকা বের করা প্রয়োজন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br><br>২। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক নির্মিত উপজেলা পরিষদের আবাসিক এলাকায় "জোড়াবাড়ী" নামকরণ ভবনটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ এবং জরাজীর্ণ বিধায় গত মে/২০২০ মাসের উপজেলা পরিষদের রেজুলেশনে ভবনটি অপসারণের জন্য বিস্তারিত আলোচনা হয় এবং রেজুলেশনের সিদ্ধান্ত মোতাবেক ভবনটি বসবাসের অনুপযোগী হওয়ার কারণে ভবনটি অপসারণের জন্য উপজেলা নির্বাহি অফিসার ২৫ নভেম্বর ২০২০, উপজেলা প্রকৌশলী ৯ জুন ২০২০ ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ২১ জুন ২০২০ এবং পুনরায় ২৫ জুলাই ২০২১ চিঠির মাধ্যমে পল্লী উন্নয়ন বোর্ডকে (বিআরডিবি) জানানো হয়। অধ্যবধি পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এ ব্যাপারে কোনরূপ সুরাহা করেনি। বর্তমানে অতিবৃষ্টি এবং জলাবদ্ধতার কারণে ভবনটি আরো বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং পার্শ্ববর্তী টুইন | ১। এডিপি প্রকল্পসমূহ (৫টি অর্থবছরের) অতি দ্রুত জমা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং ১৭ কমিটির সভা নিয়মিতকরণ ও ৫ বছর মেয়াদী বাজেটের পুস্তিকা বের করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। "জোড়াবাড়ী" ভবনটির বর্তমান ঝুঁকিপূর্ণ অবস্থার বিস্তারিত বর্ণনা সহ পল্লী উন্নয়ন বোর্ডকে (বিআরডিবি) চিঠির মাধ্যমে বর্তমান অবস্থার রঙিন ছবি সহ পুনরায় অবহিত করন এবং ভবনটি দ্রুত অপসারণের অনুরোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। চিঠির মাধ্যমে কৃষি অফিসকে স্বাস্থ্যঝুঁকির বিষয়টি গুরুত্ব দিয়ে অবহিত করণ এবং | উপজেলা প্রকৌশলী |

কোয়ার্টার (স্টাফ কোয়ার্টার) এর পাইল ড্রাইভিং এর কার্যক্রম চলমান আছে। "জোড়াবাড়ী" ভবনটির একাংশ ইতিমধ্যেই হেলে পড়েছে এবং ভেঙে গেছে। এমতাবস্থায়, ভবনটি যেকোনো মুহূর্তে ভেঙে পড়তে পারে এবং জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা আছে। অত্যন্ত ঝুঁকিপূর্ণ এবং জরাজীর্ণ "জোড়াবাড়ী" নামকরণ ভবনের পাশেই উল্লেখযোগ্য সংখ্যক নির্মাণকর্মী অবস্থান করে কাজ করেন এবং ভবনটির পাশের রাস্তা দিয়ে উপজেলা নির্বাহি অফিসার নিজ বাসভবনে যাতায়াত করেন। ভবনটির পাশে একটি পুকুর আছে এবং পুকুর ব্যবহারের জন্য সকল পেশার মানুষ চলাচল করে। অতিসত্বর জোড়াবাড়ী ভবনটি অপসারণের জন্য সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।

৩। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদের পশ্চিম পাশে এবং নতুন অডিটোরিয়ামের পিছন দিকে আনুমানিক ৩৩ শতাংশ জায়গায় প্রায় ২ বছর যাবত কৃষি অফিসের পুরানো কৃষি যন্ত্রপাতি ডাম্পিং অবস্থায় স্ক্রাপ ম্যাটেরিয়ালস হিসাবে পতিত আছে। এর ফলে জায়গাটিতে ঝোপঝাড়পূর্ণ এবং পতিত জায়গা হিসেবে কোনরূপ রক্ষণাবেক্ষণ করা হয় না।ফলশ্রুতি, নানা রকম সাপ, পোকা-মাকড়ের বসতি এবং সম্প্রতি ডেঙ্গু মশার প্রকোপ দেখা দিয়েছে। পার্শবর্তী দুইটি আবাসিক ভবনের বসবাসকরন, কৃষি ভবনে অফিসকরন এবং অডিটোরিয়ামে সভাকরন অত্যনৃত স্বাস্থ্য ঝুঁকির মধ্যে পড়েছে। অতিসত্বর পতিত কৃষি যন্ত্রাংশসমূহ অপসারণ করে জায়গাটি ঝোপঝাড়মুক্ত ও পরিষ্কার পরিচ্ছন্ন পরিবেশ ফিরিয়ে অত্র এলাকার স্বাস্থ্যসম্মত পরিবেশ আনয়নের জন্য সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উল্লেখ্য এই স্থানটি বিআরডিবির নতুন একটি অনুমোদিত অফিস ভবন স্থাপনের জন্য উপজেলা পরিষদে প্রস্তাব করা হয়েছে।

৪। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা নির্বাহি অফিসার ও উপজেলা পরিষদের নিরাপত্তা বিধানের জন্য নতুন নিয়োগকৃত আনসার সদস্যদের বসবাসের জন্য একটি সেড নির্মাণ করা প্রয়োজন এবং এ বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। "আনসার সেড" এর ডিজাইন-ড্রইং এবং প্রাক্কলন প্রস্তুত হয়েছে। সর্বমোট প্রাক্কলন মূল্য ১৫ লক্ষ টাকা। "আনসার সেড" নির্মাণের ক্ষেত্রে প্রয়োজনীয় ৪ শতাংশ জায়গা উপজেলা পরিষদের দক্ষিণ পাশে সঞ্চয়ী ব্যাংক এবং সেটেলমেন্ট অফিসের মাঝামাঝি স্থানে স্থাপন করা যেতে পারে। egp-tender এর মাধ্যমে উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে ঠিকাদার নিয়োগ করে বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

৫। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, ২০২০-২১ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত হতে প্রাপ্ত ৬৪.২০লক্ষ টাকার প্রকল্প রাজস্ব উন্নয়ন তহবিল হতে অর্থবছরে পিআইসি ও ইজিপি টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়ন করার কথা থাকলেও ঘূর্ণিঝড় ইয়াস এবং কোভিড-১৯ এর কারণে সম্পন্ন করা সম্ভব সম্ভব হয়নি। বর্তমান সময়ে পিআইসি ও ইজিপি টেন্ডার মাধ্যমে এই ৬৪.২০ টাকার প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে রাজস্ব উন্নয়ন তহবিলের বরাদ্দকৃত টাকা Carried Over করে ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নের প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

৬। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, ইকড়ি বাজার টু ভগিরাতপুর সড়কে তহসিল অফিস এর উত্তর পাশের অংশে রাস্তার মাঝামাঝি ভাঙ্গনে জনগণের চলাচল খুবই অসুবিধা হওয়ার কারণে ২০২০-২১ অর্থবছরে রাজস্ব অর্থায়নে একটি কালভার্ট নির্মাণ এর প্রয়োজন হয় এবং সে ক্ষেত্রে ৩ লক্ষ টাকার ২টি প্রকল্প জানুয়ারি/২০২০ মাসিক সমন্বয় সভার রেজুলেশনে অনুমোদন করা হয়। ঘূর্ণিঝড় ইয়াস এবং কোভিড-১৯ এর কারণে প্রকল্প ২টি বাস্তবায়ন করা সম্ভব হয় নাই বিধায় এই প্রকল্প ২টি বর্তমানে সম্পন্ন করার জন্য ২০২১-২২ অর্থবছরের Carried Over করা প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন।

৭। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, পুরাতন প্রশাসনিক ভবনের পশ্চিম পাশে পরিত্যক্ত ভবনটি বসবাস অনুপযোগী এবং ঝুঁকিপূর্ণ অবস্থায় পতিত হয়েছে। জানমালের নিরাপত্তার স্বার্থে অতিসত্বর ভবনটি নিলাম করে অপসারণ করা অতীব জরুরি মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন এবং উল্লেখ করেন এলজিইডি হতে উপজেলা প্রকৌশলীর জন্য একটি ভবন অনুমোদন প্রক্রিয়াধীন। এলজিইডি হতে উপজেলা প্রকৌশলীর জন্য ভবনটি অনুমোদন হলে আনুমানিক ৪ হাজার স্কয়ার ফিট জায়গার প্রয়োজন হবে এবং এ বিষয়ে উপজেলা পরিষদকে জায়গা বরাদ্দের জন্য বিশেষভাবে অনুরোধ করেন। উল্লেখ্য ভবনটি কৃষি অফিসার তার অফিস ভবন হিসেবে ব্যবহার করতেন এবং বর্তমানে উপজেলা পরিষদে কৃষি অফিসারের জন্য একটি নতুন ভবন স্থাপন করা হয়েছে এবং কৃষি অফিস এই নতুন ভবনে স্থানান্তরিত হয়েছে।

৮। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, নতুন প্রশাসনিক ভবনের ছাদের উপরে বর্ষার

উপজেলা কৃষি অফিসারকে উদ্যোগী হয়ে পতিত কৃষি যন্ত্রাংশ দ্রুততম সময়ের মধ্যে অপসারণ করার ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। সভায় রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান এবং সার্বিক অনুমোদন গৃহীত হয়।

৫। ২০২০-২১ অর্থবছরে রাজস্ব উন্নয়ন তহবিলের বরাদ্দকৃত ৬৪.২০ লক্ষ টাকার প্রকল্প বাস্তবায়নের জন্য পিআইসি ও ইজিপি টেন্ডার এর মাধ্যমে সম্পন্ন করার লক্ষে ২০২০-২১অর্থবছর হতে ২০২১-২২ অর্থবছরে Carried Over করে দ্রুত সময় এর মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। সভায় ৩ লক্ষ টাকার প্রকল্প ২টি ২০২১১-২২অর্থবছরে Carried Over করার মাধ্যমে দ্রুত বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। পুরাতন প্রশাসনিক ভবনের পশ্চিম পাশের অকেজো ভবনটির ভ্যালুয়েশন প্রাক্কলন করে যথাযথ নিলাম প্রক্রিয়া অনুসরণ করে অতি দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এবং উপজেলা প্রকৌশলীর (এলজিডি) ভবন অনুমোদন হলে অপসারিত ভবনটির জায়গায় স্থান সংকুলান হলে অত্র স্থানে উপজেলা প্রকৌশলীর (এলজিডি) ভবনটি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। সভায় দুইটি ভবনের ছাদের ট্রিটমেন্ট প্রাক্কলন প্রস্তুত করে অতি দ্রুত রাজস্ব তহবিল হতে সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৯। সভায় অফিসার্স ক্লাব ভবনটির ভ্যালুয়েশন প্রাক্কলন প্রস্তুত করে যথাযথ নিলাম প্রক্রিয়া অনুসরণ করে জরাজীর্ণ এবং ঝুঁকিপূর্ণ ভবনটি অপসারণ করার সিদ্ধান্ত এবং উক্ত স্থানে অফিসার্স ক্লাবের জনয একটি নতুন ভবন উপযুক্ত মাধ্যম হতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে স্থাপন করার জন্য সভায় প্রস্তাব ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১০। বর্তমান সেটেলমেন্ট অফিস এবং পুরাতন কোর্ট বিল্ডিং ভবনটির বর্তমান জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ অবস্থা বর্ণনা করে জেলা প্রশাসক মহোদয় বরাবর ভবনটি অপসারণের জন্য যথাযথ ব্যবস্থা

| | | | |
|---|---|---|---|
| | পানি আটকে ভবনের ছাদ ড্যাম হয়ে যাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে এবং ঠিক একইভাবে নতুন অডিটোরিয়ামের ছাদের উপর পানি জমে ভবনের ছাদ ড্যাম হয়ে যাওয়ার প্রবণতা লক্ষ্য করা যায় । অতি দ্রুত এই দুইটি ভবনের ছাদের ট্রিটমেন্ট করে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থেকে এখনই রক্ষা করা দরকার মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন ।<br><br>৯। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত "অফিসার্স ক্লাব" ভবনটি জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী অবস্থায় পতিত হয়েছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন ।<br><br>১০। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদের মধ্যবর্তীস্থানে বর্তমানে সেটেলমেন্ট অফিস এবং পুরাতন কোর্ট বিল্ডিং ভবনটির বর্তমান অবস্থা খুবই ঝুঁকিপূর্ণ । ভবনটিতে বড় ধরনের মেরামত সম্পন্ন করা হলেও ভবনটিতে অফিস কার্যক্রম চালিয়ে নেওয়া খুবই ঝুঁকিপূর্ণ হবে। ভবনটির বর্তমান ঝুঁকিপূর্ণ অবস্থা জেলা প্রশাসক মহোদয় নিজে সরেজমিন পরিদর্শন করেছেন এবং অবগত আছেন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন । | গ্রহণের জন্য পত্র মারফত রঙ্গিন ছবি সহ বিশেষভাবে অনুরোধ করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| ৬ | **উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| ৭ | **উপজেলা সমাজসেবা দপ্তর ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, ভান্ডারিয়া উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় তার দপ্তরে একটা ফটোকপি মেশিন উপহার দেওয়া তার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া তিনি জানান যে, ০৬ টি ইউনিয়ন এবং ০১ টি পৌরসভার বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি G2P পদ্ধতিতে প্রত্যেকের মোবাইলে ভাতা প্রদানের জন্য শতভাগ এমআইএস করা হয়েছে এবং ভাতাও পাচ্ছে। সুবিধাভোগী কেউ ভাতা না পেলে অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | সমাজসেবা কর্মকর্তা |
| ৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি আগামী ৩১ আগস্ট ২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক অনলাইন ক্লাস এবং সংসদ টেলিভিশনের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান প্রক্রিয়া অব্যহত আছে। ২০২১ সালের এসএসসি/দাখিল পরীক্ষা গ্রুপ ভিত্তিক তিনটি বিষয়ের উপর অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রস্তুতি গ্রহণের লক্ষে গ্রুপ ভিত্তিক তিনটি বিষয়ের উপর এ্যাসাইনমেন্ট চালু করা হয়েছে। প্রতিটি বিষয়ে ৮টি করে সর্বমোট ২৪টি এ্যাসাইনমেন্ট গ্রহণ করা হবে। বর্তমানে প্রথম সপ্তাহের এ্যাসাইনমেন্ট চলমান রয়েছে। সরকার ঘোষিত কঠোর লকডাউনের কারনে ৬ষ্ঠ-৯ম শ্রেনির এবং ২০২২ সালের এসএসসি/দাখিল পরীক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম স্থগিত আছে। লকডাউন প্রত্যাহার হলে এই এ্যাসাইনমেন্ট কার্যক্রম আবার চালু হবে। দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৯ | **উপজেলা শিক্ষা দপ্তর ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় তার দপ্তরের জুলাই/২০২১ মাসের কার্যক্রমসমূহের অগ্রগতির প্রতিবেদন সভায় পেশ করেন। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১০ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১ | **উপজেলা যুব উন্নয়ন দপ্তর ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জনান যুব উন্নয়ন দপ্তরের র জুলাই/২০২১ মাসের কার্যক্রমসমূহের অগ্রগতির প্রতিবেদন সভায় পেশ করেন। | ক) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান ৮ আগস্ট বঙ্গমাতা বেগম শেখ ফজিলাতুন্নেসা মুজিবের জন্মদিন। এ উপলক্ষে দুস্থ ও অসহায় মহিলাদের মাঝে ০৭ টি সেলাই মেশিন বিতরন করা হবে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সদর দপ্তরের ২২.১২.২০২০ তারিখের ৪৭.৬২.০০০০.৪১৩.০৭.০১০.২০.৭৪৪৭ নং স্মারকের আলোকে দেশের অধিকাংশ উপজেলায় উপজেলা পরিষদ চত্বরে পল্লী ভবন নামে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর নিজস্ব ভবন রয়েছে কিন্তু ভান্ডারিয়া উপজেলা বিআরডিবি'র নিজস্ব কোন ভবন নেই। সে সে কারণে স্থানীয় চাহিদার ভিত্তিতে ভান্ডারিয়া উপজেলায় পল্লী ভবন নামে (৩০ ফুট X ৮০ফুট) আয়তনের একটি চারতলা ফাউন্ডেশন বিশিষ্ট দোতলা ভবন নির্মানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্নিত ভবন নির্মানের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে বিআরডিবির 'পল্লী ভবন' নামে প্রয়োজনীয় জমি বরাদ্ধ প্রদান করার জন্য সভায় অনুরোধ জানান। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। উপজেলা পরিষদের অভ্যন্তরে বিআরডিবির পরিত্যক্ত/জরাজীর্ন জোড়া বাড়ী জরুরী ভিত্তিতে অপসারণ করার জন্য অধিদপ্তরে পত্র প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | **উপজেলা সমবায় দপ্তর ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, প্রতিটি ইউনিয়ন পরিষদের ২৬ টি করে গভীর নলকূপ এবং ২টি ইউনিয়নের জন্য ১৪ টি করে রেইনওয়াটার হার্ভেস্টিং সিস্টেম স্থাপন করা হয়েছে। তাকে গুচ্ছ গ্রাম, জাপানি ব্র্যাক, আশ্রয়ন প্রকল্প স্থানে নলকূব বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়ে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬ | **উপজেলা বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | **উপজেলা খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচি আগামী ০১ সেপ্টেম্বর থেকে শুরু হবে। তাই তালিকা হালনাগাদ করার জন্য সম্মানীত ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮ | **আমার বাড়ী আমার খামার প্রকল্প ঃ** সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প সভায় জানান তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা সমন্বয়কারী |
| ১৯ | **পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | পরিসংখ্যান কর্মকর্তা |
| ২০ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সঃ** ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২১ | **পলল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে বলে জানান। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২২ | **আনসার ও ভিডিপি কর্মকর্তাঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২৩ | **ওজোপাডিকোঃ** আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো সভায় জানান ভান্ডারিয়া উপজেলা পরিষদের নিকট অনেক বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য তিনি অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তাকে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভান্ডারিয়ার সাথে বসে বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো |
| ২৪ | **পলল্লী বিদ্যুৎ বিভাগঃ** এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৫ | **উপজেলা তথ্যসেবা বিভাগঃ** তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |
| ২৬ | **বিবিধ ঃ** (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে পুরাতন প্রশাসনিক ভবনটি দীর্ঘদিন যাবৎ কোন বড় ধরণের মেরামত না হওয়ায় অফিসিয়াল কার্যক্রম পরিচালনা করা অনুপযোগি হয়ে দাড়িয়েছে। বর্তমানে পুরাতন প্রশাসনিক ভবনের ছাদের প্যাটেন্ট স্টোন, দরজা, জানালা, প্লাষ্টার, বাথরুমের পানির লাইন এবং বৈদ্যুতিক লাইন ক্ষতিগ্রস্থ হওয়ায় তাহা সংস্কার করে অফিসিয়াল কার্যক্রম পরিচালনা করার উপযোগী করা দরকার। উক্ত পুরাতন প্রশাসনিক ভবন মেরামত করার জন্য ৪৬,২৯,৩০৫/- (ছিচল্লিশ লক্ষ উনত্রিশ হাজার তিনশত পাঁচ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদন এবং বরাদ্দের জন্য সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় মহোদয় বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন ।<br>**বিবিধ ঃ** (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে পানি সাপ্লাইয়ের পাম্প হাউজ ভবনটি দীর্ঘদিন যাবৎ কোন বড় ধরণের মেরামত না হওয়ায় ড্যামেজ হয়ে পড়ার উপক্রম হয়ে দাড়িয়েছে। বর্তমানে পাম্প হাউজের ছাদের প্যাটেন্ট স্টোন, দরজা, জানালা, প্লাষ্টার, বাথরুমের পানির লাইন এবং বৈদ্যুতিক লাইন ক্ষতিগ্রস্থ হওয়ায় তাহা সংস্কার করে পানি সাপ্লাইয়ের পাম্প হাউজটি কার্যক্রম পরিচালনা করার উপযোগী করা দরকার। উক্ত পানি সাপ্লাইয়ের পাম্প হাউজ ভবনটি মেরামত করার জন্য ৪,৯৭,৯৮১/- (চার লক্ষ সাতানব্বই হাজার নয়শত একাশি) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদন এবং বরাদ্দের জন্য সচিব, স্থানীয় সরকার,পল্লী | বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত প্রাক্কলনগুলি সদয় অনুমোদন এবং বরাদ্দের জন্য জন্য সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় মহোদয় বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন । | | |

চেয়ারম্যান, ২নং নদমূলা ইউনিয়ন পরিষদ জানান যে, নদমূলা ইউনিয়নের মাঝি বাড়ী সংলগ্ন ট্রান্সমিটারটি বজ্রপাতে পুড়ে গেছে অনেকদিন আগে। তার পর আর সেটি লাগানো হয়নি। এ বিষয়ে আরি সাহেবের দৃস্টি আকর্ষন করেন।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ,ভাণ্ডারিয়া সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

মোঃ মিরাজুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
ভাণ্ডারিয়া, পিরোজপুর।

স্মারক নং- ০৫.০০.৭৯১৪.০০৪.০৬.০০১.২০২১- ৩৫৯

তারিখ ঃ ০৫/০৮/২০২১খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

১। জনাব আনোয়ার হোসেন মঞ্জু, মাননীয় সংসদ সদস্য, ১২৮, পিরোজপুর-০২।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, পিরোজপুর।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৩। উপজেলা .................................................. কর্মকর্তা, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৪। চেয়ারম্যান ............................. ইউনিয়ন পরিষদ (সকল), ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৫। জনাব ..............................................................ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৬। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ভাণ্ডারিয়া, পিরোজপুর।